দৈনিক বাংলা

তারিখ ...05 DEC 1994

পৃষ্ঠা ৫ কলাম ৭

03

# এইচএসসি পরীক্ষার ফল

এইচএসসি পরীক্ষার ফল কবে প্রকাশিত হবে? সব বোর্ডের ফল কি একই দিনে প্রকাশিত হবে? এ প্রশ্ন পরীক্ষার্থী এবং অভিভাবকদের মনে। কথা হয়েছিল, পরীক্ষা শেষ হবার ৯০ দিনের মধ্যে ফল প্রকাশিত হবে। কথিত ৯০ দিন শেষ হয়ে গেছে। তবে বোর্ড কর্তৃপক্ষের একটি যুক্তি আছে। যুক্তিটি হচ্ছে-থিয়োরিটিক্যাল পরীক্ষার তারিখ থেকে হিসাব করলে ৯০ দিন শেষ হয়েছে। কিন্তু কিছুদিন এখনো হাতে আছে প্রাকটিক্যাল পরীক্ষা শেষ হবার দিন থেকে হিসাব করলে। বোর্ডের কথায়, একই সঙ্গে সকল বোর্ডের পরীক্ষার ফল প্রকাশিত হবে এ মাসের মধ্যেই।

বোর্ড কর্তৃপক্ষের এ তথ্য প্রকাশের পর পরীক্ষার ফলাফল নিয়ে কিছুটা নিশ্চয়তা পাওয়া গেলেও একটি নতুন শংকা আছে পরীক্ষার্থীদের মনে। এ শংকা হচ্ছে কম্পিউটারে ফলাফল প্রকাশ নিয়ে। পরীক্ষার ফলাফল প্রকাশে কম্পিউটারের সাহায্য নিতে কারো আপত্তি নেই। কিন্তু এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের হাল খুব সুখকর ছিল না। একটি ক্যাডেট কলেজের ক্লাসে প্রথম হওয়া ছাত্রের নাম অকৃতকার্যদের তালিকায় এসেছিল। প্রভাবশালী আত্মীয়স্বজন বা প্রতিপত্তিশালী শিক্ষা প্রতিষ্ঠান না হলে ঐ ছাত্রকে হয়ত এ অকৃতকার্যতার গ্লানিই ভোগ করতে হত সারাজীবন। এছাড়া অনেক খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠানের অভিযোগ ছিল এবার এসএসসির ফলাফল সম্পর্কে। পরীক্ষার ফলাফলের ব্যাপারে অনেক ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান শংকা প্রকাশ করেছে। সে শংকা এখনো অপসৃত হয়েছে বলে মনে হয় না।

তবে এসএসসি পরীক্ষার একটি ভিন্ন পরিস্থিতিও ছিল। পরীক্ষার সময় সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক–কর্মচারীরা ধর্মঘটে ছিল। পরীক্ষা গ্রহণে যেমন তারা অংশগ্রহণ করেনি, তেমনি পরীক্ষার উত্তরপত্র দেখার সাথেও তারা সংশ্লিষ্ট ছিল না। ফলে, পরীক্ষা নেয়া এবং উত্তরপত্র দেখা নিয়ে অনেক ভুলত্রুটি হওয়া স্বাভাবিক ছিল। অনেক মহল এসএসসি'র পরীক্ষার ফলাফলের প্রশ্নটি এভাবে মূল্যায়ন করতে চেয়েছেন।

তবে সে পরিস্থিতি এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে নেই। তবুও কম্পিউটারে ফলাফল প্রকাশের পরীক্ষা–নিরীক্ষা আমাদের দেশে প্রাথমিক পর্যায়ে এবং শোনা যাচ্ছে যে অনেক ভুলত্রুটির জন্য কম্পিউটার খাতা গ্রহণ করতে পারছে না। স্বাভাবিকভাবেই পরীক্ষার্থী এবং অভিভাবকদের মনে শংকা সৃষ্টি হয়েছে।

তাই প্রত্যাশা করা নিশ্চয়ই অন্যায় হবে না যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরীক্ষার ফলাফল প্রকাশে অধিক সতর্কতা অবলম্বন করবেন। প্রয়োজন হলে আরো সময় নেবেন। এসএসসি পরীক্ষার ফল প্রকাশ করতে চারটি বোর্ড যে ঘটনা ঘটিয়েছে তা আদৌ প্রত্যাশিত ছিল না। চারটি বোর্ডের ফলাফল একদিনেই প্রকাশ করুন। আগে যাওয়া বা পিছে থাকা নিয়ে কোন প্রশ্ন নেই পরীক্ষার্থী বা অভিভাবকদের মনে। শুধু কাম্য পরীক্ষার ফল প্রকাশ নিয়ে আরো সতর্কতা।